প্রথম আলো

তারিখ 3 AUG 2017
পৃষ্ঠা ৫ কলাম ৬

### ডিআইএর ই-ফাইলিং কার্যক্রম উদ্বোধন

# শিক্ষার কাজে ঘুষ না দেওয়ার পরামর্শ শিক্ষামন্ত্রীর

নিজস্ব প্রতিবেদক ●

শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কোনো অধিদপ্তর ও শিক্ষাপ্রতিষ্ঠানের কোনো কাজে কোথাও ঘুষ না দেওয়ার আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেছেন, দালাল চক্রের কথা শুনবেন না। কেউ এ ধরনের কাজ করলে তাঁকে ধরিয়ে দিন।

গতকাল বুধবার রাজধানীর শিক্ষাভবনে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের (ডিআইএ) ই-ফাইলিং ও গণশুনানি কার্যক্রম উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তৃতায় শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। বক্তৃতার পর শিক্ষামন্ত্রী ডিআইএর ই-ফাইলিং ও গণশুনানি কার্যক্রম উদ্বোধন করেন। এ সময় তিনি বিভিন্ন জেলার ১১টি শিক্ষাপ্রতিষ্ঠানে ভিডিও কনফারেন্সের মাধ্যমে কথা বলেন। এসব প্রতিষ্ঠানে ডিআইএর কর্মকর্তাদের কাজের মান সম্পর্কে জানতে চান। প্রতিষ্ঠান প্রধান, ব্যবস্থাপনা কমিটির সদস্যসহ বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও স্থানীয় ব্যক্তিরা মতামত দেন।

শিক্ষামন্ত্রী বলেন, ঘুষ-দুর্নীতি করলে কাউকে ছাড় দেওয়া হবে না। যাঁরা ভালো কাজ করবেন তাঁদের পুরস্কৃত করা হবে এবং দুর্নীতির সঙ্গে যাঁদের সংশ্লিষ্টতা পাওয়া যাবে, তাঁদের সর্বনাশ হবে।